

# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২১৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৭২]

৫২/ তাফসীর (كتاب تفسير)

পরিচ্ছেদঃ ২৩২৭. আল্লাহর বাণীঃ হে আমাদের পালনকর্তা! নিশ্চয় আমরা এক আহবানকারীকে ঈমানের প্রতি আহবান করতে শুনেছি, 'তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আনয়ন কর' অতএব আমরা ঈমান এনেছি (৩ঃ ১৯৩)

باب ربنا إننا سمعنا مناديا ينادى للإيمان الآية

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، عَنْ مَالِك، عَنْ مَخْرَمَةَ بْنِ سُلَيْمَانَ، عَنْ كُرَيْب، مَوْلَى ابْنِ عَبَّاسٍ وَرضَى الله عنهما وَأَخْبَرَهُ أَنَّهُ، بَاتَ عِنْدَ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَهْى خَالتُهُ قَالَ فَاضْطَجَعْتُ فِي عَرْضِ الْوِسَادَةِ، وَاضْطَجَعَ رَسُولُ اللّهِ عليه وسلم وَأَهْلُهُ فِي طُولِهَا، فَنَامَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم حَتَّى إِذَا انتَصَفَ اللَّيْلُ، أَوْ قَبْلَهُ بِقِلِيل، أَوْ بَعْدَهُ بِقَلِيل، اسْتَيْقَظَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم فَأَهْلُهُ فِي طُولِهَا، فَنَامَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم حَتَّى إِذَا انتَصَفَ اللَّيْلُ، أَوْ قَبْلَهُ بِقِلِيل، أَوْ بَعْدَهُ بِقَلِيل، اسْتَيْقَظَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم فَجَلَسَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجْهِ بِيَدِهِ، ثُمَّ قَرَأً الْعَشْرَ الآيَاتِ الْخَوَاتِمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ، ثُمَّ قَامَ إِلَى شَنْ مُعَلَّقَةٍ فَتَوَضَنَّا مِنْهَا، فَأَحْسَنَ وُضُوءَهُ، ثُمَّ قَامَ يُصلِي. قَالَ ابْنُ عَبَّاسٍ فَقُمْتُ إِلَى جَنْبِهِ، فَوَصَيَعَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَدَهُ الْيُمْنَى عَلَى رَأْسِي، وَأَخَذَ بِأُذُنِي الْيُمْنَى يَفْتِلُهَا، فَصَلِّى رَكْعَتَيْنِ، ثُمَّ أَوْتَرَ ثُمَّ، اضْطُجَعَ حَتَّى جَاءُهُ الْمُؤَدِّنُ، فَقَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ، ثُمَّ مَرَحَ فَصَلَّى رَكْعَتَيْنِ، ثُمَّ رَحْعَيْنِ خَوْيفَتَيْنِ خَوْيفَتَيْنِ، ثُمَّ مَرَحَ فَصَلَّى الصَبُعْحَ.

#### বাংলা

৪২১৭। কুতায়বা ইবনু সাঈদ (রহঃ) ... কুরায়ব (রহঃ) থেকে বর্ণিত। ইবনু আব্বাস (রাঃ) তাকে অবহিত করেছেন যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহধর্মিনী মায়মূনা (রাঃ) এর নিকট রাত্রি যাপন করেছিলেন। মায়মূনা (রাঃ) হলেন তাঁর খালাম্মা। তিনি বলেন, আমি বিছানার প্রস্তের দিকে শুয়েছিলাম এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবারবর্গ দৈর্ঘ্যের দিকে শুয়েছিলেন। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিদ্রামন্ন হয়েছিলেন। অর্ধরাত্রি কিংবা এর সামান্য আগে কিংবা সামান্য পরক্ষনে তিনি ঘুম থেকে জেগে উঠলেন। এবং মুখ থেকে ঘুমের আবেশ মুছতে মুছতে বসলেন। তারপর সূরা আলে ইমরানের শেষ দশ আয়াত পাঠ



#### করলেন।

এরপর সালাতে দাঁড়ালেন। তারপর ঝুলন্ত একটি পরাতন মশকের দিকে গিয়ে ভালভাবে ওযু করলেন। এরপর সালাতে দাঁড়ালেন। ইবনু আব্বাস (রাঃ) বললেন, আমিও দাঁড়ালাম এবং তিনি যা করেছেন আমিও তা করলাম। তারপর আমি গিয়ে তাঁর পার্শ্বে দাঁড়ালাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ডান হাত আমার মাথায় রেখে আমার ডান কান মলতে শুরু করলেন। তারপর তিনি দু' রাকাআত ছয়বারে বারো রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করলেন এবং তারপর তিনি বিতরের সালাত আদায় করলেন। শেষে মুয়াযযিন ফজরের আযান দিলে তিনি উঠে দাঁড়িয়ে সংক্ষিপ্ত কিরাআতে দু' রাকাআত সালাত আদায় করলেন। তারপর হুজরা থেকে বের হলেন এবং ফজরের সালাত আদায় করলেন।

# **English**

### Narrated Ibn `Abbas:

That once he stayed overnight in the house of his aunt, the wife of the Prophet. He added: I lay on the cushion transversely while Allah's Messenger () lay along with his wife in the lengthwise direction of cushion. Allah's Messenger () slept till the middle of the night, either a bit before or a bit after it, and then woke up rubbing the traces of sleep off his face with his hands, and then recited the last ten Verses of Suratal-'Imran. Then he got up and went to a hanging water skin, performed ablution from it ---- and performed it perfectly. Then he stood up to perform the prayer. I also did the same as he had done and then went to stand beside him. Allah's Messenger () put his right hand on my head and held and twisted my right ear. He then offered two rak'at, then two rak'at then two rak'at, then two then two rak'at, then two rak'at, and finally, one rak'a witr. Then lay down again till the Muadhdhin (i.e. the call-maker) came to him, whereupon he got up and offered a light two rak'at prayer and went out (to the Mosque) and offered the (compulsory congregational) Fajr prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কুরায়ব (রহ.)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন